

বিজ্ঞপ্তি

মদনমোহন কলেজ, সিলেট থেকে ২০১৯ সালের অনার্স ৪র্থ বর্ষ (বিশেষ) পরীক্ষায় অংশ গ্রহণে ইচ্ছুক পরীক্ষার্থীদের পরীক্ষার দাখিলা ফরম পূরণের কাজ নিম্নলিখিত তারিখে অনুষ্ঠিত হবে।

১. আবেদন ফরম অনলাইনে পূরণ ও কলেজে জমাদানের তারিখ :

আবেদনকারীকে নিজে বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট www.nubd.info/honours -এ প্রবেশ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী আবেদন ফরম পূরণ করতে হবে। অতঃপর আবেদন ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে অনলাইন থেকে দুই কপি আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। প্রিন্ট ফরম, পরীক্ষার ফিস, বকেয়া বেতন পরিশোধের রসিদ এবং নিম্নলিখিত কাগজপত্রসহ স্ব-স্ব বিভাগে জমাদানের তারিখ : ০৭, ০৮, ০৯ নভেম্বর, ২০২১।

২. পরীক্ষায় অংশ গ্রহণের যোগ্যতা :

- ক) ২০১৩-২০১৪, ২০১৪-১৫ ও ২০১৫-২০১৬ শিক্ষাব-র্ষ নিবন্ধিত যে সকল শিক্ষার্থী ২০১৯ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় সকল পত্র/কোর্সে অংশগ্রহণ করে এক বা একাধিক পত্র/ কোর্সে অকৃতকার্য হয়েছে শুধুমাত্র সে সকল পরীক্ষার্থী এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- খ) অনার্স ১ম, ২য় ও ৩য় বর্ষের সকল পত্রকোডে/ কোর্সে উত্তীর্ণ (সর্বনিম্ন গ্রেড ডি প্রাপ্ত) পরীক্ষার্থী এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৩. ফরম জমাদানের সময় দেয় কাগজপত্র : অনার্স ১মবর্ষ, ২য়বর্ষ, ৩য় বর্ষ পরীক্ষার প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি, ফলাফল শীটের ফটোকপি এবং এক কপি পাসপোর্ট সাইজের ছবি।

৪. পরীক্ষার ফিস : একাধিক পত্র : ৪০০.০০, ১ পত্র : ৩০০.০০।

পরীক্ষা ফিসের টাকা মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিমিটেড, জিন্দাবাজার শাখায় জমা দিয়ে রসিদসহ ফরম জমা দিতে হবে।

৫. নির্ধারিত সময়ের পরে জরিমানার মাধ্যমে ফরম পূরণের কোনো সুযোগ নেই।